কালের কণ্ঠ
তারিখ 03 AUG 2015
পৃষ্ঠা ২১ কলাম ৪

### শরণখোলায় দুর্নীতির অভিযোগ

# দুই প্রধান শিক্ষক সাময়িক বরখাস্ত

বাগেরহাট প্রতিনিধি ▷

বাগেরহাটের শরণখোলায় দুর্নীতি ও অনিয়মের অভিযোগে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দুজন প্রধান শিক্ষককে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। একই অভিযোগে দুজন সহকারী শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে জেলা শিক্ষা অফিসে। ওই দুই প্রধান শিক্ষককে বরখাস্তের আদেশ গতকাল রবিবার শরণখোলা উপজেলা শিক্ষা অফিসে পৌঁছেছে।

বরখাস্ত হওয়া দুজন হলেন শরণখোলার পূর্বখাদা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আলমগীর হোসেন ও দক্ষিণ আমড়াগাছিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জাকির হোসেন। আর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে উপজেলার ৭১ নম্বর মধ্য রাজাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. নাসির উদ্দিন মুক্তা ও ৮১ নম্বর পশ্চিম কদমতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো মশিউর রহমান মোল্যার বিরুদ্ধে।

বাগেরহাট জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা অশোক কুমার সমাদ্দার জানান, খুলনা বিভাগীয় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক এ কে এম গোলাম মোস্তফা স্বাক্ষরিত আদেশে দুই প্রধান শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়েছে। গত ৩০ জুন থেকে বরখাস্তের আদেশ কার্যকর হয়েছে। একই অভিযোগে ওই দুই সহকারী শিক্ষককে সোমবার (আজ) সাময়িকভাবে বরখাস্ত করা হবে।